

**REGIONAL NEWS UNIT
ALL INDIA RADIO, AGARTALA**

Date : 30-06-2025

**Time: 07.35-07.40 AM Hrs
BENGALI MORNING BULLETIN**

Maan Ki Baat-1 :

আকাশবাণীর ‘মন-কি-বাত’ অনুষ্ঠানে গতকাল প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বলেছেন যে স্বাস্থ্য থেকে শুরু করে সামাজিক সুরক্ষা পর্যন্ত, দেশ প্রতিটি ক্ষেত্রেই সমৃদ্ধির অনুভূতি নিয়ে এগিয়ে চলেছে, যা সামাজিক ন্যায়বিচারের একটি দুর্দান্ত চিত্র। তিনি বলেন, বর্তমানে ভারতের বেশিরভাগ জনগণ কোনও না কোনও সামাজিক সুরক্ষার সুবিধা গ্রহণ করছেন।

তিনি আন্তর্জাতিক শ্রম সংস্থার প্রতিবেদনের পরিসংখ্যান উল্লেখ করে জানান যে ভারতের জনসংখ্যার ৬৪ শতাংশেরও বেশি এখন নিশ্চিতভাবেই কোনও না কোনও সামাজিক সুরক্ষা সুবিধা পাচ্ছেন। প্রধানমন্ত্রী বলেন, ২০১৫ সাল পর্যন্ত দেশের ২৫ কোটিরও কম মানুষের কাছে সরকারি প্রকল্প পৌঁছোত। শ্রী মোদী উল্লেখ করেন যে, এই সাফল্য আত্মবিশ্বাস জাগিয়ে তুলেছে যে আগামী সময় আরও ভালো হবে এবং ভারত প্রতিটি পদক্ষেপে আরও শক্তিশালী হয়ে উঠবে।

প্রধানমন্ত্রী, বিশ্ব স্বাস্থ্য সংস্থা কর্তৃক ভারতকে ট্র্যাকোমা মুক্ত ঘোষণার কথা উল্লেখ করেন। শ্রী মোদী বলেন, স্বচ্ছ ভারত অভিযান এটি নির্মূল করতে সাহায্য করেছে এবং জল জীবন মিশনও এই সাফল্যে অনেক অবদান রেখেছে। এছাড়া জরুরি অবস্থার সময় জনগনের বলিষ্ঠ অংশীদারিত্ব গণতন্ত্রকে কিভাবে রক্ষা করেছেন তাও উল্লেখ করেন মন কি বাত অনুষ্ঠানে।

CM-Dhalai :

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা বলেছেন ২০২৫ সালের পয়লা জানুয়ারি থেকে জুন মাস পর্যন্ত রাজ্যে মোট ৬৭৪ কোটি টাকার বিভিন্ন প্রকল্পের শিলান্যাস হয়েছে। গতকাল আমবাসার ধলাই জেলার গঙ্গানগরে ২৭টি প্রকল্পের উদ্বোধন এবং ৫টি প্রকল্পের ভিত্তিপ্রস্তর স্থাপন অনুষ্ঠানে তিনি একথা বলেন। মুখ্যমন্ত্রী বলেন রাজ্য সরকার স্বাস্থ্য, শিক্ষা থেকে শুরু করে প্রতিটি স্তরে নতুন নতুন প্রকল্পের মাধ্যমে আধুনিকীকরণের সিদ্ধান্ত নিয়েছে। অনুষ্ঠানে সমাজ কল্যাণ ও সমাজ শিক্ষা মন্ত্রী টিঙ্কু রায় সহ পদস্থ প্রশাসনিক আধিকারিকরা উপস্থিত ছিলেন। উল্লেখ্য, অনুষ্ঠানে প্লাস্টিক বর্জ্য পৃথকীকরণ কেন্দ্র, সমন্বিত শিশু বিকাশ প্রকল্প, লালছড়িতে চাইল্ড কেয়ার সেন্টারের নব নির্মিত ভবন, অঙ্গনওয়াড়ি কেন্দ্র ইত্যাদির উদ্বোধন হয়।

Om Birla:CPA ZONE-2

লোকসভার অধ্যক্ষ ওম বিড়লা আজ ধরমশালার তপোবনে কমনওয়েলথ পার্লামেন্টারি অ্যাসোসিয়েশনের জোন টু বার্ষিক সম্মেলনের উদ্বোধন করবেন। এই অঞ্চলের মধ্যে দিল্লি, হরিয়ানা, হিমাচল প্রদেশ, জম্মু ও কাশ্মীর এবং পাঞ্জাব রয়েছে। গণতান্ত্রিক প্রতিষ্ঠানগুলিকে শক্তিশালী করতে গুরুত্বপূর্ণ মঞ্চ হিসেবে কাজ করার লক্ষ্যে এই সম্মেলনের আয়োজন করা হচ্ছে। এবারের সম্মেলনের ভাবনা হচ্ছে ডিজিটাল যুগে সুপ্রশাসন-সম্পদের ব্যবস্থাপনা, গণতন্ত্র সুরক্ষিত করণ এবং উদ্ভাবন গ্রহণ। উল্লেখ্য এই সংগঠন গোটা বিশ্বে সংসদীয় গণতন্ত্রকে শক্তিশালী করতে সাংসদদের এক জায়গায় নিয়ে আসার জন্য সক্রিয়।

Train Service :

ভূমিধবসের কারণে এক সপ্তাহ ব্যাহত থাকার পর, আজ দক্ষিণ আসাম, ত্রিপুরা, মণিপুর, মিজোরাম এবং গুয়াহাটি হয়ে দেশের বাকি অংশের মধ্যে ট্রেন পরিষেবা পুরোপুরি চালু হওয়ার সম্ভাবনা রয়েছে। অবশ্য গতকালই আংশিকভাবে ট্রেন পরিষেবা পুনরায় চালু হয়েছে। উত্তর-পূর্ব সীমান্ত রেলওয়ের প্রধান জনসংযোগ কর্মকর্তা কপিঞ্জল কিশোর শর্মা জানিয়েছেন যে ক্ষতিগ্রস্ত রেলপথ পুনরায় চালু হওয়ার পর প্রথম পণ্যবাহী ট্রেন এবং প্রথম যাত্রীবাহী ট্রেন, কাঞ্চনজঙ্ঘা এক্সপ্রেস ভূমিধসে ক্ষতিগ্রস্ত স্থান জাটিংগা লামপুর অতিক্রম করে। এছাড়াও, গুয়াহাটিতে আটকে থাকা নির্ধারিত একটি পিওএল ওয়াগন উত্তর ত্রিপুরার ধর্মনগরে পাঠানোর কথাও জানান তিনি।

Transport department :

সড়ক দুর্ঘটনায় আহত ব্যক্তিকে প্রাথমিক জীবনদায়ী সহায়তা প্রদানের জন্য আজ ১৬ টি অ্যাম্বুলেন্স চালু করবে পরিবহন দপ্তর। গতকাল দপ্তরের কমিশনার সুরত চৌধুরী জানান, অ্যাম্বুলেন্সগুলি আহত ব্যক্তিকে চিকিৎসার জন্য কাছাকাছি হাসপাতালে নিয়ে যাবে। এছাড়া যানবাহনের অবস্থান ট্র্যাকিং ও পর্যবেক্ষণ পদ্ধতিরও উদ্বোধন করা হবে। তিনি আরও জানান, আজ সকালেই স্বামী বিবেকানন্দ ময়দানে অ্যাম্বুলেন্সগুলির উদ্বোধন করবেন মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা। অনুষ্ঠানে থাকবেন পরিবহন মন্ত্রী সুনীল চৌধুরী, আগরতলা পুর নিগমের মেয়র দীপক মজুমদার, পুলিশের মহানির্দেশক অনুরাগ, পরিবহন দপ্তরের সচিব ইউকে চাকমা প্রমুখ।

BJP Mahila Morcha :

আগরতলার মুক্তধারা অডিটরিয়ামে আজ প্রদেশ বিজেপি মহিলা মোর্চার উদ্যোগে মক পার্লামেন্ট অনুষ্ঠিত হবে। উপস্থিত থাকবেন মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা, প্রদেশ বিজেপি সভাপতি রাজীব ভট্টাচার্য সহ অন্যান্যরা। গতকাল প্রদেশ বিজেপি কার্যালয়ে আয়োজিত এক সাংবাদিক সম্মেলনে এই কথা জানান প্রদেশ বিজেপি মহিলা মোর্চার রাজ্য সভানেত্রী মিমি মজুমদার।

Monsoon :

দক্ষিণ-পশ্চিম মৌসুমী বায়ু রাজস্থান, পশ্চিম উত্তর প্রদেশ এবং হরিয়ানার অবশিষ্ট অংশ এবং সমগ্র দিল্লিতে গতকাল প্রবেশ করেছে। ভারতীয় আবহাওয়া বিভাগ জানিয়েছে যে স্বাভাবিক সময়ের ন'দিন আগেই সারা দেশে মৌসুমী বায়ু প্রবেশ করেছে।

আবহাওয়াবিদ জানিয়েছেন, উত্তর-পশ্চিম বঙ্গোপসাগর এবং তৎসংলগ্ন পশ্চিমবঙ্গ এবং বাংলাদেশ উপকূলে অবস্থিত নিম্নচাপটি গতকালও একই অঞ্চলে বহাল ছিল। এর সঙ্গে যুক্ত ঘূর্ণিঝড় আজ পর্যন্ত উত্তর ওড়িশা, গাঙ্গেয় পশ্চিমবঙ্গ এবং ঝাড়খণ্ড জুড়ে ধীরে ধীরে পশ্চিম-উত্তর-পশ্চিম দিকে অগ্রসর হওয়ার সম্ভাবনার কথাও জানানো হয়েছে।

Weather :

আজ দুপুর পর্যন্ত আবহাওয়ার পূর্বাভাসে জানানো হয়েছে, আকাশ সাধারণত মেঘাচ্ছন্ন থাকবে। বজ্র-বিদ্যুৎ সহ দু-এক পশলা হালকা থেকে মাঝারি ধরনের বৃষ্টি পাতের সম্ভাবনা রয়েছে। আগরতলায় আজ ভোরে সর্বনিম্ন তাপমাত্রা ছিল ২৬.৭ ডিগ্রি সেলসিয়াস। দিনের সর্বোচ্চ তাপমাত্রা থাকবে ৩৫ ডিগ্রির কাছাকাছি।
